গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

বিষয় : **উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের ১৪ তম সভার কার্যবিবরণী।**
সভাপতি : দেবব্রত চক্রবর্তী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ও চেয়ারম্যান, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
স্থান : উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সভাকক্ষ।
তারিখ : ১৪ মে ২০২৬; সময়: বেলা ১১.০০ ঘটিকা।
উপস্থিতি : পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর বোর্ডের পুর্ববর্তী সভার কার্যবিবরণী পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় সিদ্ধান্তসমূহ অপরিবর্তিত রেখে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় এজেন্ডাভিত্তিক নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১.	কোর্স সম্পন্নকারী শিক্ষার্থীদের উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সনদ প্রদান	কক্সবাজার জেলায় বাস্তবায়নকৃত "বিদ্যালয় বহির্ভূত কিশোর-কিশোরীদের দক্ষতাকেন্দ্রিক সাক্ষরতা' শীর্ষক প্রকল্পের শিক্ষার্থীদের সনদ প্রদান কার্যক্রম ০৯/০৩/২০২৬ খ্রিস্টাব্দ তারিখ হতে শুরু হয়েছে। এ পর্যন্ত ৬৬৬১ জন শিক্ষার্থীকে সনদ প্রদান করা সম্পন্ন হয়েছে। আগামীতে সার্টিফিকেট ম্যানেজমেন্ট সফটওয়্যার আপডেট করতে হলে তার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	আলোচ্য বিষয়টি উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে। উল্লিখিত প্রাক-বৃত্তিমূলক পর্যায়ে বিভিন্ন ট্রেডের কম্পিটেন্সি অনুযায়ী সনদ প্রদান করা হবে। সার্টিফিকেট ম্যানেজমেন্ট সফটওয়্যার আপডেট করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২.	উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সনদ সর্বগ্রাহ্য করার লক্ষ্যে অংশীজনদের সমন্বয়ে একটি অবহিতকরণ সভা আয়োজন	সফটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক সার্টিফিকেট ব্যবস্থাপনা সফটওয়্যার উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোতে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর সম্পন্ন হলে অংশীজনদের সমন্বয়ে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক একটি অবগতকরণ সভা আয়োজন করা যেতে পারে।	আলোচ্য বিষয়টি উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে। আগামীতে বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অংশীজনের সমন্বয়ে একটি সভা/ সেমিনার আয়োজন করা যেতে পারে।
৩.	শিক্ষক, প্রশিক্ষক ও পরীক্ষকদের দক্ষতামান নির্ধারণ নীতিমালা প্রণয়ন বিষয়ক খসড়া	বোর্ডের পূর্ববর্তী সভার সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষক, প্রশিক্ষক ও পরীক্ষকদের দক্ষতামান নির্ধারণ নীতিমালা প্রণয়ন বিষয়ক কমিটির আহ্বায়ক প্রফেসর মোঃ সাইদুর রহমান এর সভাপতিত্বে উক্ত কমিটির প্রথম সভা ১৩/১০/২০২৫ খ্রি. তারিখে এবং দ্বিতীয় সভা ১০/১২/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সদস্যগণের মতামতের ভিত্তিতে বোর্ডের শিক্ষক, প্রশিক্ষক ও পরীক্ষকদের দক্ষতামান নির্ধারণ নীতিমালার চূড়ান্ত খসড়া প্রস্তুত করে চেয়ারম্যান, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড বরাবর দাখিল করা হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং প্রফেসর মোঃ সাইদুর রহমানসহ খসড়া প্রস্তুতি কমিটির সদস্যদের ধন্যবাদ জানানো হয়।	আলোচ্য বিষয়টি উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত হল। শিক্ষক, প্রশিক্ষক ও পরীক্ষকদের দক্ষতামান নির্ধারণ নীতিমালায় নীতিমালার পরিবর্তে "নির্দেশিকা" শব্দটি ব্যবহার করার সিদ্ধান্ত নেওয়া হল। অর্থাৎ শিক্ষক, প্রশিক্ষক ও পরীক্ষকদের দক্ষতামান নির্ধারণ নীতিমালার স্থলে "শিক্ষক, প্রশিক্ষক ও পরীক্ষকদের দক্ষতামান নির্ধারণ নির্দেশিকা" হিসেবে অনুমোদন করা হলো। বর্ণিত নির্দেশিকাটিতে ৩.১ এ শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতায়

CamScanner

			চাকুরীকালীন রেকর্ড সংযুক্ত করতে হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
৪.	বোর্ডের মনিটরিং ও মূল্যায়ন নীতিমালা প্রণয়ন	উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের ১৩তম বোর্ড সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর পরিচালক (পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন) ড. ফারুক আহাম্মদ-এর সভাপতিত্বে উক্ত কমিটির প্রথম সভা ০৯ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে এবং ২য় ও চূড়ান্ত সভা গত ৩০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সদস্যগণের মতামতের ভিত্তিতে বোর্ডের মনিটরিং ও মূল্যায়ন নীতিমালার চূড়ান্ত খসড়া প্রস্তুত করে চেয়ারম্যান, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড বরাবর দাখিল করা হয়েছে। সভায় বিষয়টি আলোচনা হয় ও ড. ফারুক আহাম্মদসহ খসড়া কমিটির সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হল।	আলোচ্য বিষয়টি উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে। বোর্ডের মনিটরিং ও মূল্যায়ন নীতিমালায় নীতিমালার পরিবর্তে "নির্দেশিকা" শব্দটি ব্যবহার করার সিদ্ধান্ত নেওয়া হলো। অর্থাৎ বোর্ডের মনিটরিং ও মূল্যায়ন নীতিমালার স্থলে "বোর্ডের মনিটরিং ও মূল্যায়ন নির্দেশিকা" হিসেবে খসড়াটি চূড়ান্ত করা হলো। এছাড়া মূল্যায়ন ও পরিদর্শন বিষয়ে নির্দেশিকাটির ৬ নং অনুচ্ছেদে প্রথম বুলেটে বোর্ডের সদস্যগণের মনিটরিং বিষয়ে "বোর্ডের সদস্যগণ নিয়মিত বা প্রয়োজন অনুযায়ী মনিটরিং সফর করবেন" বাক্যাংশটি ঈষৎ পরিবর্তন করে "বিশেষ প্রয়োজনে বোর্ডের সদস্যগণ বোর্ডের চেয়ারম্যান এর সঙ্গে আলোচনা পূর্বক মনিটরিং সফর করবেন" প্রতিস্থাপন করে নির্দেশিকাটি চূড়ান্ত করা হলো।
৫.	বোর্ডের তহবিল ও বাজেট প্রণয়ন নীতিমালা প্রণয়ন	বোর্ডের পূর্ববর্তী সভার সিদ্ধান্ত অনুযায়ী উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের সম্মানিত সদস্য প্রকৌশলী মোঃ জয়নাল আবেদীন এর সভাপতিত্বে উক্ত কমিটির প্রথম সভা গত ২০/১০/২০২৫ খ্রিস্টাব্দ তারিখে এবং দ্বিতীয় সভা ০২/০৪/২০২৬ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সদস্যগণের মতামতের ভিত্তিতে বোর্ডের তহবিল ও বাজেট প্রণয়ন সংক্রান্ত নীতিমালার চূড়ান্ত খসড়া চেয়ারম্যান, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড বরাবর দাখিল করা হয়েছে। সভায় খসড়াটির অনুচ্ছেদ নং ৩৭ ও ৩৮ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সম্মানী, সভা, সেমিনার ইত্যাদি বিষয়ে তথ্যাদি অপরিবর্তি রেখে স্যান্ডি গিফট বিষয়টি বাদ দেওয়ার জন্য সুপারিশ করা হলো। তবে অ্যাসেসমেন্ট ফি, অ্যাসেসরদের সম্মানীসহ অন্যান্য আবশ্যকীয় বিষয়াদি বোর্ডের বর্তমান কার্যক্রম পর্যালোচনার জন্য অতিজরুরি। খসড়া নির্দেশিকাটিতে স্যান্ডি গিফট এবং সভার অংশীজনদের সম্মানী বিষয়টি নিয়ে পরবর্তী সভায় আলোচনা পূর্বক চূড়ান্ত অনুমোদন করা যেতে পারে।	আলোচ্য বিষয়টি উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে। বোর্ডের তহবিল ও বাজেট প্রণয়ন নীতিমালার পরিবর্তে "বোর্ডের তহবিল ও বাজেট প্রণয়ন নির্দেশিকা" হিসেবে অনুমোদন করা হলো। নির্দেশিকার ৪.৮ নং এ সরকার এর পরিবর্তে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ব্যবহার করতে হবে। বিভিন্ন সেমিনার/ ওয়ার্কশপের বিভিন্ন সম্মানী এর হার অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ পরিপত্রের সঙ্গে সঙ্গতি রেখে নির্ধারণ করতে হবে। খসড়া নির্দেশিকার অনুচ্ছেদ নং ৩৭.১.১, ৩৭.১.২, ৩৮.১.৩, ও ৩৯.১.৪ এ উল্লিখিত সান্ডি গিফট আইটেম/ খরচ বাতিল করতে হবে। সংশোধনীসহ নির্দেশিকাটি অনুমোদন করা হলো তবে আগামী সভায় সংশোধিত নির্দেশিকাটি বোর্ড সদস্যদের পুনরায় অবলোকনের জন্য

CamScanner

<table>
<tr><td></td><td></td><td></td><td>উপস্থাপন করতে হবে।</td></tr>
<tr><td>৬.</td><td>বোর্ডের জনবল নিয়োগ</td><td>বোর্ডের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য বোর্ডের তহবিল থেকে সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক দৈনিক মজুরি ভিত্তিতে সর্বোচ্চ পাঁচজনকে নিযুক্ত করার অনুমোদন ১২তম বোর্ড সভায় পাওয়া গিয়েছে এবং সর্বশেষ সভার (১৩তম) সিদ্ধান্ত মোতাবেক জনাব গোবিন্দ চন্দ্র মিস্ত্রি কে অ্যাক্রিডিটেশন অ্যান্ড অ্যাসেসমেন্ট সাপোর্ট অ্যাসিস্ট্যান্ট হিসেবে দৈনিক মজুরি ভিত্তিতে নিয়োগ প্রদান করা হয়েছে। বিষয়টি আলোচনা হল। যেহেতু পূর্বের বোর্ড সভায় বিষয়টি অনুমোদিত হয়েছে। কোনো পরিবর্তন না হলে পরবর্তী সভার আলোচ্যসূচিতে বিষয়টি রাখার প্রয়োজন নেই।</td><td>১২তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী দৈনিক মজুরি ভিত্তিক নিয়োজিত কর্মীর কাজ যথাযথ তত্ত্বাবধান করতে হবে।</td></tr>
<tr><td>৭.</td><td>বোর্ডের ওয়েবসাইট তৈরির উদ্যোগ</td><td>উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের কার্যক্রমে ডিজিটালাইজেশন ও স্বচ্ছতা নিশ্চিতকল্পে বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইট তৈরির বিষয়ে সর্বশেষ সভায় আলোকপাত করা হয়েছে। সেই অনুযায়ী এসপায়ার টু ইনোভেট (এটুআই) এর মাধ্যমে ওয়েবসাইট তৈরি করে দেওয়া হয়েছে। সভায় তা প্রদর্শন ও আনুষ্ঠানিকভাবে চালু করা যেতে পারে।</td><td>ওয়েবসাইট আনুষ্ঠানিকভাবে সভায় চালু করা হয়েছে এবং বোর্ড কর্তৃক গৃহীত হয়েছে। বোর্ডের ওয়েবসাইটে আরও তথ্য সম্বলিত করে আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।</td></tr>
<tr><td>৮.</td><td>উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের আয়/ ব্যয় সংক্রান্ত তথ্য উপস্থাপন</td><td>উপানুষ্ঠানিক শিক্ষা আইন-২০১৪ এর ১৫ নং ধারা মোতাবেক উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড গঠন করা হয়েছে এবং এবং ২৪ নং ধারা মোতাবেক বোর্ডের তহবিল গঠন করার কথা উল্লেখ আছে এবং উক্ত তহবিলে বোর্ডের আয়ের অর্থ জমা হইবে। আইনের ধারা ২৪ এর (৫) নং উপধারা অনুযায়ী বোর্ডের সচিব এবং বোর্ডের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার যৌথ স্বাক্ষরে বর্তমানে তহবিলের হিসাব পরিচালিত হচ্ছে। বর্তমানে অগ্রণী ব্যাংকে বোর্ডের একটি চলতি হিসাব রয়েছে এবং বোর্ডের তহবিলে রেজিস্ট্রেশন ও অ্যাক্রিডিটেশন ফি বাবদ বোর্ডের আয় বোর্ডের তহবিলে গচ্ছিত রয়েছে। উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডর গত ১৩তম বোর্ড সভা হতে ১৪ তম বোর্ড সভা পর্যন্ত বোর্ডের আয় ও ব্যয়ের বিবরণী উপস্থাপন করা হয়েছে।
<table>
<tr><th>বিলের বিবরণ</th><th>ব্যয়ের পরিমাণ</th></tr>
<tr><td>গত ২৪ জুন ২০২৫ তারিখ উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের সভায় সদস্যগণের সম্মানী ও অন্যান্য ব্যয় বাবদ সমন্বয় বিল।</td><td>৬০,৬০০.০০</td></tr>
<tr><td>উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের গত ১২ ও ১৩ ডিসেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের প্রি-ভোকেশনাল স্তরের ২টি অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড অনুযায়ী অ্যাসেসমেন্ট টুলস প্রণয়ন এবং ১৫ ডিসেম্বর ২০২৫ তারিখে অ্যাসেসমেন্ট টুলস ভ্যালিডেশনের লক্ষ্যে দিনব্যাপী কর্মশালার/সেমিনার ব্যয় বাবদ বিল।</td><td>১৩৭,১০০.০০</td></tr>
<tr><td>উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের গত ৩০ ও ৩১ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের প্রি-ভোকেশনাল স্তরের ০৪টি অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড অনুযায়ী অ্যাসেসমেন্ট টুলস প্রণয়ন লক্ষ্যে ০২দিনব্যাপী এবং ০৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অ্যাসেসমেন্ট টুলস ভ্যালিডেশনের লক্ষ্যে ০১দিনব্যাপী কর্মশালার/সেমিনারসহ মোট ০২টি সেমিনারের ব্যয় বাবদ সমন্বয় বিল।</td><td>২৪৩,০২০.০০</td></tr>
</table></td><td>উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের আয় ও ব্যয়ের উপস্থাপিত বিবরণী বোর্ড কর্তৃক অনুমোদিত হল।</td></tr>
</table>

CamScanner

		উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডে দৈনিক ৮০০.০০ টাকা মজুরি ভিত্তিতে নিয়োজিত ০১জন কর্মচারী জনাব গোবিন্দ চন্দ্র মিস্ত্রী, অ্যাক্রিডিটেশন এন্ড অ্যাসেসমেন্ট সার্পোট অ্যাসিস্ট্যান্ট-এর অক্টোবর ২০২৫ হতে জানুয়ারি ২০২৬ মোট ০৪ মাসের মজুরি বাবদ বিল।	৭০,৪০০.০০	
		উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের গত ০৬ ও ০৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের প্রি-ভোকেশনাল স্তরের ০৭টি অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড অনুযায়ী অ্যাসেসমেন্ট টুলস প্রণয়ন লক্ষ্যে ০২দিনব্যাপী এবং ০৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অ্যাসেসমেন্ট টুলস ভ্যালিডেশনের লক্ষ্যে ০১দিনব্যাপী কর্মশালার/সেমিনারসহ মোট ০২টি সেমিনারের ব্যয় বাবদ সমন্বয় বিল।	৩৯৩,২৮০.০০	
		উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের গত ১৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের প্রি-ভোকেশনাল স্তরের অ্যাসেসমেন্ট মেথডলজি এর কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড প্রণয়নের লক্ষ্যে ০১দিনব্যাপী কর্মশালার/সেমিনারের ব্যয় বাবদ সমন্বয় বিল।	১০৪,৫৮০.০০	
		উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডে দৈনিক ৮০০.০০ টাকা মজুরি ভিত্তিতে নিয়োজিত কর্মচারী জনাব গোবিন্দ চন্দ্র মিস্ত্রী, অ্যাক্রিডিটেশন এন্ড অ্যাসেসমেন্ট সার্পোট অ্যাসিস্ট্যান্ট-এর ফেব্রুয়ারি ২০২৬ মাসের মজুরি বাবদ বিল।	১৭,৬০০.০০	
		উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডে দৈনিক ৮০০.০০ টাকা মজুরি ভিত্তিতে নিয়োজিত কর্মচারী জনাব গোবিন্দ চন্দ্র মিস্ত্রী, অ্যাক্রিডিটেশন এন্ড অ্যাসেসমেন্ট সার্পোট অ্যাসিস্ট্যান্ট-এর মার্চ ২০২৬ মাসের ২১দিনের মজুরি বাবদ বিল।	১৬,৮০০.০০	
		উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের গত ১১ ও ৩১ মার্চ ২০২৬ তারিখে অনুষ্ঠিত উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের আরপিএল নীতিমালা প্রণয়ন কমিটির সভায় অংশগ্রহণকারী সদস্যদের আপ্যায়ন ও সম্মানী ব্যয় বাবদ বিল।	৪৩,৮০০.০০	
		সহকারী পরিচালক (প্রশাসন) মহোদয় গত ০৩/০৪/২০২৬ হতে ০৬/০৪/২০২৬ তারিখ পর্যন্ত কক্সবাজার জেলায় আরপিএল মোডালিটির ড্রেস মেকিং ইত্যাদি অকুপেশন পরিদর্শন বাবদ ভ্রমণ বিল।	১৬,৯৪৬.৫০	
		উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডে দৈনিক ৮০০.০০ টাকা মজুরি ভিত্তিতে নিয়োজিত কর্মচারী জনাব গোবিন্দ চন্দ্র মিস্ত্রী, অ্যাক্রিডিটেশন এন্ড অ্যাসেসমেন্ট সার্পোট অ্যাসিস্ট্যান্ট-এর এপ্রিল ২০২৬ মাসের মজুরি বাবদ বিল।	১৭,৬০০.০০	

CamScanner

		সহকারী পরিচালক (লজিস্টিকস) মহোদয় গত ১৫ হতে ১৮/০১/২০২৬ তারিখ পর্যন্ত কক্সবাজার জেলায় আরপিএল মোডালিটির ড্রেস মেকিং ইত্যাদি অকুপেশন পরিদর্শন বাবদ ভ্রমণ বিল। — ১৬,৩৪৬.৫০ সহকারী পরিচালক (লজিস্টিকস) মহোদয় গত ২২ হতে ২৪/০১/২০২৬ তারিখ পর্যন্ত কক্সবাজার জেলায় আরপিএল মোডালিটির ড্রেস মেকিং ইত্যাদি অকুপেশন পরিদর্শন বাবদ ভ্রমণ বিল। — ১৬,৯৪৬.৫০ সহকারী পরিচালক (লজিস্টিকস) মহোদয় গত ০২/০৪/২০২৬ হতে ০৫/০৪/২০২৬ তারিখ পর্যন্ত কক্সবাজার জেলায় আরপিএল মোডালিটির ড্রেস মেকিং ইত্যাদি অকুপেশন পরিদর্শন বাবদ ভ্রমণ বিল। — ১৬,৯৪৬.৫০ অর্থাৎ গত ২৭ অক্টোবর ২০২৫ হতে ১৩ মে ২০২৬ খ্রি. পর্যন্ত বোর্ডের মোট আয় আটাশ লক্ষ বিশ হাজার সাতশত ছয় (২৮,২০,৭০৬) টাকা এবং বোর্ডের মোট ব্যয় উনিশ লক্ষ পয়তাল্লিশ হাজার চারশত ছয় টাকা (১৯,৪৫,৪০৬) টাকা। বোর্ডের তহবিলে গচ্ছিত রয়েছে আট লক্ষ পঁচাত্তর হাজার তিনশত (৮,৭৫,৩০০) টাকা।	
৯.	পূর্ব অভিজ্ঞতার সনদ (আরপিএল) নীতিমালার খসড়া	উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের কার্যক্রম ত্বরান্বিত করতে এবং বোর্ড কর্তৃক সার্টিফিকেট প্রদানে RPL (আরপিএল) নীতিমালার প্রয়োজন দেখা যায় সে প্রেক্ষিতে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর পরিচালক (পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন) ড. ফারুক আহাম্মদ - এর সভাপতিত্বে উক্ত কমিটির সভা প্রথম সভা ১১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ তারিখে এবং ২য় ও চূড়ান্ত সভা গত ৩১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সদস্যগণের মতামতের ভিত্তিতে বোর্ডের (আরপিএল) নীতিমালা চূড়ান্ত খসড়া প্রস্তুত করে চেয়ারম্যান, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড বরাবর দাখিল করা হয়েছে। এ বিষয়ে আলোচনা হয়। বোর্ড সদস্যগণ খসড়া প্রণয়ন কমিটির সদস্যদের ধন্যবাদ জানান।	আলোচ্য বিষয়টি উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে। পূর্ব অভিজ্ঞতার সনদ (আরপিএল) নীতিমালার স্থলে "পূর্ব অভিজ্ঞতার সনদ (আরপিএল) নির্দেশিকা" হিসেবে অনুমোদন চূড়ান্ত করা হলো।
১০.	বিবিধ	বিবিধ আলোচ্য বিষয়ে বোর্ড সচিব সভাকে নিম্নরূপভাবে অবহিত করেন: ১) বোর্ডের অ্যাসেসর পুল সম্প্রসারণের নিমিত্ত গৃহীত কার্যক্রম: উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড কর্তৃক অ্যাসেসর পুল সম্প্রসারণের লক্ষ্যে ০৬/০৩/২০২৬ খ্রি. ও ০৭/০৩/২০২৬ খ্রি. তারিখে মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী সর্টলিস্ট করা হয়। পরবর্তীতে বিভিন্ন বিভাগীয় শহরে উক্ত প্রার্থীদের ০৩ (তিন) দিনের ওরিয়েন্টেশন ও ওয়ার্কশপ সম্পন্ন করা হয় এবং ওয়ার্কশপ শেষে অ্যাসেসমেন্ট এর মাধ্যমে প্রার্থীদের পুলভুক্ত করা হয়। ২) অ্যাসেসমেন্ট পুল গঠনে গৃহীত কার্যক্রম: (ক) প্রি-ভোকেশনাল স্তরের বিভিন্ন অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড অনুযায়ী অ্যাসেসমেন্ট টুলস প্রণয়নের লক্ষ্যে দুই (০২) দিনব্যাপী অ্যাসেসমেন্ট টুলস প্রণয়ন কর্মশালা এবং এক (০১) দিনব্যাপী টুলস ভ্যালিডেশন কর্মশালা অনুষ্ঠিত হয়। প্রয়োজন অনুযায়ী বিভিন্ন সময়ে উক্ত কর্মশালাসমূহ আয়োজন করা হয়। (খ) যদি কোন প্রতিষ্ঠান উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক প্রণীত CS (Competency Standard), CBC (Competency	১। অ্যাসেসমেন্ট পুল গঠনে, প্রি-ভোকেশনাল পর্যায়ে শিক্ষার্থীদের অ্যাসেসমেন্ট করার জন্য অ্যাসেসর মানদন্ড ঠিক রাখতে হবে। ২। উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড কর্তৃক অ্যাসেসর পুল সম্প্রসারণের লক্ষ্যে প্রি-ভোকেশনাল স্তরের বিভিন্ন অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড অনুযায়ী অ্যাসেসমেন্ট টুলস প্রণয়নের লক্ষ্যে ২৭/১০/২০২৫ খ্রি. হতে ১৩/০৫/২০২৬ খ্রি. পর্যন্ত মোট

		Based Curriculum), CBLM (Competency Based Learning Material) ব্যবহার করে প্রি-ভোকেশনাল প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করে থাকে তাহলে উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড কর্তৃক তাঁদের অ্যাসেসমেন্ট গ্রহণ করা হয়।	উনিশ লক্ষ পয়তাল্লিশ হাজার চারশত ছয় টাকা (১৯,৪৫,৪০৬) টাকা কর্মশালা/ সেমিনার বাবদ ব্যয় বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে। শিক্ষার্থীদের সংখ্যার ভিত্তিতে কর্মশালা আয়োজন করতে হবে।
		৩) পূর্ব অভিজ্ঞতার সনদ (আরপিএল) মোডালিটি অনুযায়ী কক্সবাজার জেলায় পরিচালিত Improvement skills and economic opportunities for women and skills in Cox's Bazar (ISEC) প্রজেক্ট এর মাধ্যমে ২১২০ জন শিক্ষার্থীর অ্যাসেসমেন্ট সম্পন্ন করা হয়।	৩। পূর্ব অভিজ্ঞতার সনদ (আরপিএল) এর মাধ্যমে মূল্যায়নকৃত এবং সনদপত্র প্রদানকৃত শিক্ষার্থীদের তথ্য যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
		৪) সভায় Eco-Social Development Organization (ESDO) হতে জানানো হয় যেহেতু উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো প্রি-ভোকেশনাল পর্যায়ে সার্টিফিকেট প্রদান করে এবং ভবিষ্যতে এর পরিধি এবং ব্যাপ্তি আরোও বৃদ্ধি পাবে, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর অ্যাসেসর পুলে সেকল অ্যাসেসর পুলভুক্ত আছেন তারা মূলত National Skills Development Authority (NSDA)/ Bangladesh Technical Education Board (BTEB) থেকে সার্টিফিকেট প্রাপ্ত। যেহেতু উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এর শিক্ষার্থী তুলনামূলক দুর্বল, Vulnerable এবং বয়স কম। তাই প্রি-ভোকেশনাল পর্যায়ের শিক্ষার্থীদের অ্যাসেসমেন্ট এর জন্য যে সকল অ্যাসেসর রয়েছেন তাদের পুলভুক্ত করার ক্ষেত্রে বাস্তবিক অর্থে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর শিক্ষার্থীদের অবস্থা, বয়স এবং Vulnerability এর কথা বিবেচনা করে উপযুক্ত অ্যাসেসর পুল সম্প্রসারণের গাইডলাইন করা প্রয়োজন। তাছাড়া উপানুষ্ঠানিক শিক্ষা আইনের নির্দেশনা অনুযায়ী বোর্ডের জন্য প্রবিধানমালা প্রণয়ন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	৪। (ক) উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের জন্য উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো হতে প্রবিধানমালা প্রণয়নের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে অনুরোধ করা হবে। (খ) "সার্টিফায়িড অ্যাসেসর নিয়োজন নির্দেশিকা" প্রণয়নের লক্ষ্যে বোর্ডের সম্মানিত সদস্য ড. মুহম্মদ শহীদ উজ জামান, নির্বাহী পরিচালক, Eco-Social Development Organization (ESDO) এর পক্ষ হতে একজন উপযুক্ত প্রতিনিধি এবং উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের দায়িত্বপ্রাপ্ত সহকারী পরিচালক (অ্যাসেসমেন্ট), যৌথভাবে একটি খসড়া প্রণয়ন করবেন এবং পরবর্তী বোর্ড মিটিং এর পূর্বে এ সংক্রান্ত কর্মপত্র/ পরিকল্পনা গ্রহণ করে বোর্ড চেয়ারম্যানকে অবহিত করবেন।

২। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

২০।০৭।২০২১

দেবব্রত চক্রবর্তী
যুগ্মসচিব
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ও
চেয়ারম্যান, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
ফোনঃ ০২-২২৬৬০১১১০
e-mail: dg@bnfe.gov.bd

CamScanner

স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৫০১.১৮.০০১.২৫-১২২

তারিখ : ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২০ মে ২০২৬

সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্ম-সচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪। পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫। পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬। পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এরিয়া, ঢাকা।
৭। রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (পদাধিকার বলে), ঢাকা।
৮। অধ্যক্ষ, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, ঢাকা।
৯। জনাব মো: রফিকুজ্জামান সাবেক মহাপরিচালক ও অতিরিক্ত দায়িত্ব সচিব (অবসরপ্রাপ্ত); উশিব্যু, ঢাকা।
১০। অধ্যাপক হোসনে আরা বেগম, প্রাক্তন পরিচালক, শিক্ষা ও গবেষণা, ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১১। জনাব সমীর রঞ্জন নাথ, প্রোগ্রাম হেড, ব্র্যাক আই, ই,ডি, ব্র্যাক বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১২। ড. মুহম্মদ শহীদ উজ জামান, নির্বাহী পরিচালক, ইকো সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও), ঠাকুরগাঁও।
১৩। সচিব, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪। বোর্ডের কাজের অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তা, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।

20.০৫.২৬

মোঃ মাহবুব আলম
উপপরিচালক (সাধারণ প্রশাসন)
ও
সচিব, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
ফোনঃ ২২৬৬০১১১৬

CamScanner